হরিতাল —পীতবর্ণ, স্বনামখ্যাতধাতু বিং, হরিয়ালপক্ষী

কালতাল —[নীলতাল] তমাল গাছ, হিন্তাল বৃক্ষ।

জলতাল —ইলিশ মাছ-যে জলে বাস করে।

মনস্তাল —দুর্গার বাহন=সিংহ।

রক্তনাল —জীব শাক, নালিতা শাক।

জবনাল —[জলনাল] মকাই, জনার, শস্য বিং।

যবনাল —[যাবনাল, পবনাল] ধান্য বিং, দেধান।

অমৃণাল —মৃণাল রহিত, বেণার মূল=খস্‌খস্‌।

আরনাল —কাঁজি, আমানি।

ঘর্ষণাল —ঘর্ষণ সাধক, নোড়া, শিলাপুত্র।

লোহনাল—লৌহময় বাণ, নারাচ।

জয়পাল —রাজা, ব্রহ্মা, বিষ্ণু, বৃক্ষ বিং।
লোকপাল—রাজা, অষ্ট দিক্‌পাল—ইন্দ্র-অগ্নি-যম-বরুণ-
নৈঋর্ত-বায়ু-কুবের-শিব=৮, জনশ্রুতি।
চক্রপাল —দেশাধিপ, অধিপতি।
ভোগপাল—[অশ্বপাল] অশ্ব রক্ষক, সহিস্।
পঙ্গপাল —(দেং) পতঙ্গ বিং, পতঙ্গ সমূহ।
প্রজাপাল —রাজা, প্রজাপতি।
খণ্ডপাল —মোদক, ময়রা।
দণ্ডপাল —[দ্বারপাল] দ্বারী, মৎস্য বিং, দাঁড়িকা মাছ
ক্ষিতিপাল—[মহীপাল,ভূমিপাল] নৃপতি,ভূপতি,রাজা।
ক্ষেত্রপাল—ক্ষেত্র রক্ষক, দেবতা বিং, কৃষক।
পত্রপাল —অস্ত্র বিং, বড় ছুরী।
পাত্রপাল—পরিমাণ দণ্ড, নিক্তি, তুলা, তৌল যন্ত্র।
নন্দপাল —বরুণ, জলেশ্বর।
ভিন্দিপাল—ক্ষেপণীয় অস্ত্র বিং, লাঠী।
বধ্যপাল —কারা রক্ষক, কারাগৃহ রক্ষক।
কামপাল —বলরাম, বলদেব।
করপাল —খড়্গ, তরবার, কারাধ্যক্ষ।
দ্বারপাল —দ্বারবান্, প্রতিহারী।
কল্যপাল —শৌণ্ডিক, শুঁড়ি।
নিশাপাল—প্রহরী, চৌকীদার, কোটাল।
পশুপাল —পশু রক্ষক, রাখাল।

শিশুপাল —চন্দ্র বংশীয় নৃপ বিং, দম ঘোষের পুত্র।
বৎসপাল —শ্রীকৃষ্ণ, বলদেব, বৎস রক্ষক।
গৃহপাল —কুক্কুর, সারমেয়।
ফুল্লফাল —কুলার বাতাস, সূর্প বাত।
চক্রবাল —লোকালোক পর্ব্বত, দিক্ সমূহ, মণ্ডলাকার
পত্রবাল —ক্ষেপণী, দাঁড়।
করবাল —খড়্গা, তরবার, নখ।
কেরবাল —নৌকার হাইল-বটিয়া-কর্ণ।
আলবাল —বৃক্ষাদির মূলে সেচনার্থ জলাধার, বাঁধবাঙ্কা
অশ্ববাল —কেশে, ঘোটক কেশর, নল রাজা, কাশতৃণ।
জলব্যাল —জল ঢোঁড়া সাপ, হিংস্র জল জন্তু।
সজম্বাল —পঙ্কিল, পঙ্কময়।
অশ্মভাল —হামান দিস্তা, ঔষধ মর্দ্দন পাত্র।
পয়মাল —(যাং) নষ্ট হওন, ধ্বংস।
মেঘমাল —রামা গর্ভ জাত কল্কি দেবের পুত্র।
এজমাল —(যাং) অবিভক্ত, একান্নবর্ত্তী।
কতমাল —অগ্নি, অনল।
কৃতমাল —আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ, কর্ণিকা বৃক্ষ।
খতমাল —ধূম, মেঘ।
কেতুমাল —জম্বুদ্বীপের নয় বর্ষের একবর্ষ।
নক্তমাল —চিরবিল্ল, করঞ্জ বৃক্ষ।
কুসুমাল —চৌর, তস্কর।

বিকরাল —ভয়ানক, অতি ভয়ঙ্কর।
কর্ক্করাল —অলক, চূর্ণ কুন্তল।
অন্তরাল —অভ্যন্তর,ব্যবধান,মধ্য,অবকাশ,আড়াল।
সান্তরাল —পৃথক্‌ভুত, আলাহিদা, বিরল।
কন্দরাল —গর্দ্দভাণ্ড বৃক্ষ, আখরোট, পাকুড় গাছ।
শবরাল --লোধ্র বৃক্ষ-লোধ গাছ বিশেষ।
উদ্বিড়াল —(দেং) ভূচর-জলচর জন্তু বিং, জলমার্জ্জার
টাকশাল —(দেং) মুদ্রানির্ম্মাণ স্থান।
শিল্পশাল —[শিল্পিশাল]শিল্পকর্ম্ম করিবার ঘর,কারখানা
বহুশাল —স্নুহী বৃক্ষ, সিজ গাছ।
নাজেহাল—(যাং) নাস্তানাবুদ, দুর্ব্বল, কৃশ।
হামেহাল —(যাং) সর্ব্বদা, সকল সময়।
পাশুপাল্য—বৈশ্যবৃত্তি, পশুপালন কর্ম্ম।
অলঅ্যালং—(ইং) বরাবর।
সুবরিাম্ল —কাঁজি, আমানি।

আল—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পলিটিক্যাল্—(ইং) অর্থ ব্যবহার, রাজনীতি।
অ্যাকুইটাল্--(ইং) খালাস, মুক্তি।
বেলম্যাটাল্—(ইং) কাঁসা, কাংস্য।
ইটারন্যাল্ —(ইং) নিত্য, অনন্তকাল।
কেরওয়াল —নৌকার বটিয়া-ক্ষুদ্র দাঁড়।
অনেককাল —বহুকাল।

বিকৃষ্টকাল —চিরকাল, সতত।
জীবিতকাল—আয়ুঃ, যে কাল পর্য্যন্ত প্রাণীগণ বাঁচে।
নিমিত্তকাল—বিশেষ কাল, নির্দ্দিষ্ট সময়।
অপ্রাপ্তকাল—অসময়, নাবালক।
ষষ্ঠান্নকাল —দুই বা তিন দিন অন্তর ভোজন।
আসন্নকাল —মৃত্যু সময়, বিপৎ কাল।
কুতপকাল —মধ্যাহ্ন কাল।
উত্তরকাল —ভবিষ্যৎসময়,যে সময় আসিবে-গৌণকাল
গবাক্ষজাল—গবাক্ষাবরণার্থ লৌহ জাল বিং।
ধমনীজাল —শরীরের অন্তর্ব্বর্ত্তী শিরা সমূহ।
সমাপতাল —ইন্দ্রিয় বিষয়।
হাঁসপাতাল—চিকিৎসালয়।
চিত্রবদাল —বোয়াল মাছ।
কাষ্ঠকুদ্দাল —নৌকাদির জল সেঁচা পাত্র বিং,কেঠো।
পঞ্চকপাল —যজ্ঞ বিং, কপাল পঞ্চক।
অষ্টাকপাল —যজ্ঞ বিং, দুঃখী।
নরকপাল —মড়ার মাথা।
ক্রূপীটপাল —সমুদ্র লবণ, নৌকার হাইল।
উদগুপাল —মৎস্য বিং, সর্প বিং।
উদ্যানপাল —উদ্যান রক্ষক, মালী।
অবনিপাল —[অবনীপাল, ধরণীপাল] রাজা, ভূপতি।
পৃথিবীপাল —ভূমীশ্বর, ভূপতি, রাজা, ভূপ, যম।

নগরপাল —নগর রক্ষক, চৌকীদার।

কুমারপাল —শালিবাহন রাজা।

অষ্টদিক্‌পাল—ইন্দ্র-বহ্নি-পিতৃপতি-নৈঋ‌ত-বরুণ-মরুৎ-কুবের-ঈশ=এই অষ্ট জন দিক্‌পাল।

ঘনজম্বাল —রাশি কৃত কর্দ্দম, মহাপঙ্ক।

সমান্তরাল —দুই সম সূত্রপাত রেখা।

নিরন্তরাল—যেখানে ব্যবধানস্থান নাই-সঙ্কীর্ণ, নিরবকাশ

বনচাঁড়াল —(বনচণ্ডাল) বৃক্ষ বিং।

কাঠবিড়াল —কাষ্ঠমার্জ্জার, বিড়ালজাতীয় ক্ষুদ্র জন্তু বিং

আল—অন্ত। (৬) ষড়ক্ষর।

ক্রোকসাঁজোয়াল —(যাং) বদ্ধভূম্যাদির করগ্রাহক ব্যক্তি

আকছিডেণ্ট্যাল —(ইং) আকস্মিক, দৈবায়ত্ত।

ব্রাহ্মণচণ্ডাল —জাতিভ্রষ্ট ব্রাহ্মণ।

ইল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইল্ —(ইং) পীড়িত, অসুস্থ।

কিল্ —(ধা) ক্রীড়া-কেলি, কেলক, কেলিত, কেলন।

কীল্ —(ধা) বন্ধন-কীলক, কীল, কীলাল, কীলা।

ষ্টীল্ —(ইং) ইস্পাত, এখন পর্য্যন্ত, তথাপি।

তিল্ —(ধা) স্নিগ্ধতা-তিল, তিল্য, তিলক, তৈল, তেলিত

নীল্ —(ধা) নীল বর্ণ কৃ-নীল, নীলিকা, নীলন, নীলী।

পিল্ —(ইং) বড়ি, ঔষধের বটিকা।

বিল্ —(ধা) বিভেদন, আচ্ছাদন কৃ (ইং) হিসাব, হুণ্ডি

ভিল্ --(ধা) ভেদক্র-ভেলন,ভেলিত(ইং)বাছুর মাংস।
মিল্ —(ধা) সন্ধী ভাব-মিলন, মেল। (ইং) জাঁতা।
মীল্ —(ধা) চক্ষু মেলা-মীলন,নিমীলন, প্রমীলা, মীলিত
শীল্ —(ধা) অভ্যাস-শীল,শীলন, অনুশীলন,শীলিত।
হিল্ —(ইং) পায়ের গোড়ালি।
নিড্‌ল্--(ইং) সুচি, বা ছুঁচ।
কিল --সম্ভাবনা,প্রসিদ্ধ, নিশ্চয়, অনুনয়,বার্ত্তা,অলীক
মিথ্যা, সত্য, হেতু, তিরস্কার। (দেং) মুষ্টি।
কীল —হুড়কা, খিল, শঙ্কু, গোঁজ, খোঁচা, কনুই,মুষ্ট্যা-
ঘাত, অগ্নি শিখা, শেল, কফোণি, স্তম্ভ।
খিল —অকৃষ্ট, অপ্রহত, দুর্গম, পরিশিষ্ট, উৎপন্ন, বিষ্ণু,
ব্রহ্মা। (দেং) অর্গল, হুড়কা, পতিত ভূমি।
চিল --[চিল্ল] (দেং) পক্ষী বিং, আতায়ী পাখী।
শ্রীল —শ্রীযুক্ত, লক্ষ্মীমান, সৌভাগ্যবান্, ধনী।
জিল --(দেং) বেহালাদির তার বা গুণা বিং।
ঢিল —(দেং) লোষ্ট্র, ডেলা, আল্গা, শিথিল।
তিল —শস্য বিং, কদাকার চিহ্ন, সূক্ষ্মকাল, নিমেষ।
নীল —পর্ব্বত-বর্ণ-নিধি-মণি-বানর বিং, তুথ,তুঁতিয়া
বিষ, কাচ লবণ, নোরমা, বট বৃক্ষ, মঞ্জু ঘোষ,
লাঞ্ছন, নীলৌষধি, অঞ্জন বিং, তালীশ বৃক্ষ,কৃষ্ণ
বর্ণ, নৃত্যাঙ্গ,নীলী, নীলবর্ণ বস্তু, করণ বিং।
পিল --[পীল] (দেং) কপোত ও পক্ষীশাবক (যাং)হাত

ফিল —(যাং) হস্তী, অতিরিক্ত, ফাজিল।
বিল —বিবর, ছিদ্র, গর্ত্ত, গুহা, উচ্চৈঃশ্রবা অশ্ব, বেতগাছ বানীর, বঞ্জুল। (দেং) জলাশয়, খাল।
মীল —বন, কানন। (ইং) আহার, খানা. ভোজন।
শিল —উঞ্ছবৃত্তি, জীবনোপায় বিশেষ।
শীল —স্বভাব, চরিত্র, সচ্চরিত্র, বৃহৎ সর্প, বিশিষ্ট, যুক্ত
শ্লীল —শ্রীযুক্ত, সভ্যতাসূচক।
হীল —শুক্র, রেতঃ, বীর্য্য।
পিল্ল —ক্লিন্ন চক্ষুঃ, পিঁচুটি পড়া নেত্র।
বিল্ল —জলাবিল, আলবাল, গর্ত্ত, হিঙ্গু, হিং।
ভিল্ল —[ভীল] জাতি বিশেষ, অসভ্য।
তিল্ব —পাণ্ডু বর্ণ লোধ্র বৃক্ষ বিং।
বিল্ব —বেল, শ্রীফল, একপল পরিমাণ, বেলগাছ।

ইল—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুইল্ —[ইং] কলম, হাঁসের পাখা।
টাইল্ —[টাইল] (ইং) টালি, খোলা, ইষ্টক বিং।
বাইল্ —[ইং] পিত্ত, পিত্তি।
ছিভিল্ —[ইং] দেওয়ানী, সভ্য।
পেন্সিল্—(ইং) পেন্‌সিল, তুলিকা।
খইল —(দেং) তিলাদির বল্কল, কর্ণমল, তেলের কাইট
হাইল —(দেং) নৌকা দণ্ড, বহিত্র।
উকিল —(যাং) মোকদ্দমার তদ্‌বির কারক।

কাকিল—কণ্ঠমণি।
কুকীল —পর্ব্বত, শৈল।
কোকিল—[কুকিল] স্বনামপ্রসিদ্ধ পক্ষী, জ্বলন্ত অঙ্গার।
গোকীল—মুষল, লাঙ্গল।
চিকিল —পঙ্ক, পাঁক, কাদা।
তকিল —শঠ, ধূর্ত্ত, বঞ্চক, কপট।
পঙ্কিল —কর্দ্দম যুক্ত, পঙ্ক যুক্ত।
বঙ্কিল —[বল্কিল] কণ্টক, কাঁটা।
মঙ্কিল —দাবানল, বনাগ্নি।
মঙ্কিল —দহনোল্কা, জ্বলন্ত অগ্নি, জ্বলন্ত মশাল।
মুস্কিল —(যাং) আপদ, অমঙ্গল।
অখিল —[নিখিল] সকল, সমস্ত, সমুদায়, অশেষ।
দাখিল —(যাং) পরিশোধ ক্রু, প্রত্যর্পণ, দর্শান, দেওন
বখিল —(যাং) লোভী, কৃপণ।
পক্ষিল —বাৎস্যায়ন মুনি, সাহায্য কারী।
জজ্বিল —দ্রুতগামী, অতি বেগবান্, হরিণ।
আঁচিল—(দেং) ব্রণ বিং।
পাঁচীল —প্রাচীর, দেওয়াল, ভিত্তি।
পেচিল —হস্তী, হাতী, গজ।
মিছিল —(যাং) পেশ ক্রু, তারতম্য করা, সজ্জিত ক্রু।
তচ্ছীল —যাহার সেইরূপ স্বভাব-তৎস্বভাব বিশিষ্ট।
পিচ্ছিল —হড়্ হড়ে, পিছল, সরস ব্যঞ্জনাদি, মণ্ডযুক্ত।

তিজিল —চন্দ্র, রাক্ষস বিং, রক্ষঃকুল।

পূজিল —পূজ্য, আরাধ্য, দেবতা।

ফাজিল —(যাং) অতিরিক্ত, উদ্বর্ত্ত। (দেং) চালাক।

বিজিল —রস যুক্ত ব্যঞ্জনাদি।

রাজিল —জল সর্প, ঢোঁড়া সাপ।

সিজিল —(যাং) শৃঙ্খলা বদ্ধ, সজ্জিত রু।

মঞ্জীল —রজকদিগের কার্য্য স্থান, গ্রাম, পথ।

কুটিল —বক্র, ক্রূর, শঠ, ধূর্ত্ত, অসরল।

জটিল —বটবৃক্ষ, সিংহ, জটাধারী ব্রহ্মচারী, জটাবিশিষ্ট। (দেং) যাহা সহজে বোঝা যায় না—দুর্ব্বোধ

চণ্ডিল —[চন্দ্রিল] নাপিত, শিব, শাক জাতীয় খাদ্য।

স্থণ্ডিল —যজ্ঞার্থ প্রস্তুত—পরিস্কৃত ভূমি, সীমা।

স্থাণ্ডিল —স্থণ্ডিল শায়ী, ভিক্ষু।

পিণ্ডিল —সেতু, সাঁকো, গণক।

বাণ্ডিল —(ইং) সুতাদির গুলি, পুলিন্দা।

ভণ্ডিল —[ভণ্ডীল] শিরীষবৃক্ষ, তণ্ডুলীশাক, শুভ, শিল্পী।

ভাণ্ডিল —নাপিত, নরসুন্দর, ক্ষৌরকার।

শণ্ডিল —মুনি বিং।

তিতিল —সপ্ত কারণান্তর্গত কারণ, সদ্যাধার-মিষ্টান্নবিং

তৈতিল —বব বালবাদি করণের চতুর্থ করণ, গণ্ডার।

পাতিল —(দেং) হাঁড়ি, দগ্ধ মৃণ্ময় পাত্র বিং, ফাঁদ।

বাতিল —(যাং) মিথ্যা, নিষ্ফল, রদ, ঝুঁটা।

সতীল —বংশ, বাঁশ, বায়ু, মাস কলাই, তিলযুক্ত।
ভক্তিল —ভক্তি বিশিষ্ট, ধর্ম্মপর, উত্তম ঘোটক।
জর্ত্তিল —বন্য তিল।
মৈথিল —মিথিলা দেশের অধিপতি-জনক রাজা।
শিথিল —শ্লথ, আল্গা, ঢিলা, অলস, জড়, ক্লান্ত, ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত,ত্যাগ,যা' ঝাড়িয়া ফেলা হইয়াছে
গ্রন্থিল —যাহাদের শরীর তিন বা ততোধিক গ্রন্থিযুক্ত—কাঁকড়া-বিছাদি,বঁইচবৃক্ষ,আদা,পিপুলেরমূল
তুন্দিল —স্থূলোদর, ভুঁড়ো।
ভন্দিল —শুভ, মঙ্গল, দূত।
বুধিল —জ্ঞানী, বিদ্বান্, পণ্ডিত।
অনিল —বায়ু, বাত রোগ, পঞ্চম বসু।
আনিল —পবন পুত্র-হনুমান, ভীম, স্বাতী নক্ষত্র।
আনীল —কৃষ্ণবর্ণ অশ্ব, ঈষৎ নীল বর্ণ।
খনিল —সিঁধাল চোর, সন্ধিভেদী তস্কর।
পানিল —পান পাত্র-চষক, গ্লাস, মদ্য পান পাত্র।
ফেনিল —সফেন, ফেনা বিশিষ্ট, অরিষ্টক বৃক্ষ, রিঠা ফলের গাছ, বদর ফল, কুল।
আপিল —(ইং) উচ্চতর আদালতে পুনর্বিচার প্রার্থনা
কপিল —[কবিল] যাহার বানরের ন্যায় রং, পিঙ্গলবর্ণ বস্তু, মুনি বিং,বিষ্ণু,অগ্নি,দানব,কুক্কুরভেদ।
কাপিল —কপিল সম্বন্ধীয়,সাংখ্যমতাবলম্বী,পিঙ্গলবর্ণ।

গুপিল —নরপতি, রাজা, ভুপ।

কাম্পিল —[কাম্পীল] দেশ-লতা-সুগন্ধি দ্রব্য বিং।

আবিল —যে শোভা নষ্ট করে-কলুষিত, ঘোলা, সন্দিগ্ধ, মলিন, আবিষ্করণ।

টেবিল —(ইং) মেজ, দ্রব্যাদি রাখার আধার।

দেবিল —দেব পরায়ণ, ধার্ম্মিক।

ভবিল —কামুক,জার,ভব্য,ভাবী,যা বর্ত্তমান আছে।

আভীল —যে চতুর্দ্দিকে ভয় উৎপাদন করে, শারীরিক যন্ত্রণা, ক্লেশ, কষ্ট, প্রকাণ্ড, ভয়াবহ, কষ্টযুক্ত

নাভীল —স্ত্রীলোকের উরুসন্ধি,কুঁচকী-নাভির গভীরতা, কৃচ্ছ্র, কষ্ট, নাভি গাম্ভীর্য্য।

কুম্ভিল —চৌর, শ্লোকার্থ চৌর, সম্বন্ধী, শাল মাছ।

কুম্ভীল —জল জন্তু বিং, নক্র, কুম্ভীর।

অমিল —(দেং)দুষ্প্রাপ্য, যাহা ঐক্য হয় না।

কৃমিল —কৃমি যুক্ত।

তামীল —(যাং) সমাধা, সম্পাদন।

বামিল —অহঙ্কারী, দাম্ভিক, বাম, প্রতিকুল।

রামিল —কামদেব, রমণ, স্বামী, নায়ক।

সামিল—(দেং)সম্বলিত,অন্তর্ভুক্ত,একসঙ্গে(যাং)সহযোগ

হাসিল —(যাং) গর্ভ,গোপনে গর্ভ হওয়া।

গৌরিল —লৌহ চূর্ণ, শ্বেত সর্ষপ।

সরিল —[সলিল] জল, বারি, নীর।

ভড়িল —ভৃত্য, শূর, বীর, সেবক, যোদ্ধা।
কলিল —গহন, দুষ্প্রবেশ্য কাননাদি, মিশ্রিত।
সলীল —লীলা যুক্ত, ক্রীড়া কারী, কৌতুকী।
অশ্লীল —লজ্জা জনক, গ্রাম্য ভাষা, কাব্যার্থদোষ।
কুশীল —[দুঃশীল] দুষ্ট স্বভাব, দুশ্চরিত্র, কুরীতি।
শুষিল —বায়ু, পবন, বাত।
সুশীল —সচ্চরিত্র।
হাসিল —(যাং) উর্ব্বরা, আবাদি, সমাধা, প্রাপ্তি, লভ্য।
কাহিল —(যাং) দুর্ব্বল, ক্ষীণ, কৃশ, রুগ্ন।
গুহিল —ধন, বন, বিত্ত।
কাম্পিল্ল—[কাম্পিল্য] দেশ-লতা-সুগন্ধি দ্রব্য বিং।
ধম্মিল্ল —যে ঊর্দ্ধে সংযত হয়-চুলের খোঁপা।
তাচ্ছীল্য—তচ্ছীলতা, তৎস্বভাবতা।
কৌটিল্য—কুটিলতা, ক্রূরতা, চাণক্য ব্রাহ্মণ।
শাণ্ডিল্য—গোত্রপ্রবর্ত্তক মুনি, অগ্নির মূর্ত্তি বিং, বিল্ববৃক্ষ
শৈথিল্য —শিথিলত্ব, অবসন্নতা, অসত্বরতা, ঢিলে।

ইল—অন্ত। (৪) চতুরক্ষর।

নসট্রিল্ —(ইং) নাসারন্ধ্র, নাসিকা ছিদ্র।
পিউপিল্ —(ইং) চক্ষু মণি-তারা, ছাত্র, শিষ্য।
ভিজিবিল্—(ইং) দৃশ্য, প্রত্যক্ষ।
পুংস্কোকিল-পুরুষ পিক পক্ষী।
কণ্টকিল —বংশ বিং, বেউড় বাঁশ।

রতকীল —কুক্কুর, সারমেয়, শ্বা।
ভূতিকীল —ভূখাত, ডোবা, খাল।
গুদকিল —অর্শ রোগ।
ইন্দ্রকীল —মন্দর পর্ব্বত।
অগ্নিকীল —অগ্নি শিখা, অগ্নি জ্বালা।
জন্মকীল —বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
ধর্ম্মকীল —রাজ শাসন, শাসন।
নর্ম্মকীল —[গর্ম্মকীল] স্বামী, ভর্ত্তা, প্রভু।
কালকীল —কোলাহল, গোলমাল।
কিলকিল —হাস্য শব্দ, হর্ষ ধ্বনি, অব্যক্ত শব্দ।
নলকীল —জানু, হাঁটু।
তিমিঙ্গিল —অতি প্রাকাণ্ড মৎস্য, তিমি মৎস্য।
অকুটিল —সরল, কুটিলতা রহিত, অবক্র।
একাষ্ঠীল —কার্পাস বীজ কোষ।
সমষ্ঠীল —তৃণ-কাঁকুড় বিং, গুণ্টিয়া শাক।
পিচণ্ডিল —[পিচিণ্ডিল,উদরিল] স্থূলোদর,ভুঁড়িওয়ালা
সিকতিল —[সৈকতিল] সিকতাবিশিষ্ট,বেলে,বালুকাময়
সবিতৃল —সূর্য্য সম্বন্ধীয়।
রাজনীল —[ইন্দ্রনীল] মরকত মণি, মণি বিং, পান্না।
ঝঞ্ঝানিল —বৃষ্টির সহিত ঝড়, বেগবান্ বায়ু।
শ্বেতনীল —মেঘ, শুক্ল ও নীল বর্ণ।
কালনীল —লোধ্র, লোধ গাছ।

কাংস্যনীল--অঞ্জন বিং, নীল তুঁতিয়া।
মহানীল —নীলকান্ত মণি বিং,নাগ বিং, ভৃঙ্গরাজ গাছ
বিজপিল —কর্দ্দম, পঙ্ক।
বিজ্বিল --রসযুক্ত ব্যঞ্জনাদি।
অনাবিল —নির্ম্মল, অকলুষ, অসন্দিগ্ধ।
এলবিল —[ঐলবিল] কুবেরের নামান্তর,ইলবিলারপুত্র
স্থালীবিল —পাক পাত্রের অভ্যন্তরস্থ শূন্য ভাগ।
তহবিল --(যাং) জিম্মার টাকা, মজুদ টাকা।
মহাবিল —আকাশ, বৃহচ্ছিদ্র, নভঃ, জলের জালা।
কুজম্ভিল —সিঁদেল চোর।
শর্করিল —শর্করা যুক্ত,কাঁকরযুক্ত,নদী,কলস,লেখনী।
জয়শীল —জয়ী-যে সর্ব্বত্র জয় লাভ করে।
উঞ্ছশিল —উঞ্ছ বৃত্তি, শস্য সংগ্রহ।
উঞ্ছশীল —যে উঞ্ছবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।
ইজ্যাশীল —পুনঃ ২ যজ্ঞকর্ত্তা, যজ্ঞকারী।
ধৌতশিল —স্ফাটিক, স্ফটিক মণি।
প্রাতিশীল —গলিত, দ্রবীভূত।
সাধুশীল —সৎস্বভাব বিশিষ্ট, সচ্চরিত্র।
দানশীল —দাতা, বদান্য, দান কর্ত্তা।
মনঃশিল —[মনঃসিল] রক্ত বর্ণ পার্ব্বতীয় ধাতু দ্রব্য বিং
তূষ্ণীংশীল —নীরব, গম্ভীর স্বভাব, ধীর।
তপসীল —(যাং) জায়, বিতং, বিবরণ।

কর্ম্মশীল —যে যত্ন ও শ্রমপূর্ব্বক কার্য্য করে-পরিশ্রমী
ধর্ম্মশীল —ধার্ম্মিক, পুণ্যাত্মা।
উরসিল —যাহার বক্ষঃস্থল প্রশস্ত।
চারুশীল —সুশীল, সৎ স্বভাব।
তহসীল —(যাং) খাজনা আদায়, করাদি সংগ্রহকরণ
কূরচিল্ল —কর্কট, কাঁকড়া।
শাকবিল্ব —বার্ত্তাকু, বেগুণ।
চিরবিল্ব —করঞ্জ বৃক্ষ।
কুরুবিল্ব —পদ্মরাগ মণি।
জলবিল্ব —কাঁকড়া, কচ্ছপ, জলের অংশ।
বালখিল্য —[বালিখিল্য] বৃদ্ধাঙ্গুষ্ঠ পরিমাণ মুনি বিং।

ইল—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ক্রোকোডাইল্—(ইং) কুম্ভীর, কুমীর।
হাইড্রোছিল্ —(ইং) জল দোষ, কোষ স্ফীতি।
শঙ্করচিল —শ্বেত চিল্ল পক্ষী।
মলয়ানিল —বসন্ত কালীন-দক্ষিণ দিকের বায়ু।
বংশস্থবিল —দ্বাদশাক্ষর ছন্দো বিং।
পাণ্ডবাভীল —কৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।
ব্যায়ামশীল —বলিষ্ঠ, দৃঢ়াঙ্গ।

ইল—অন্ত। (৬) ষড়ক্ষর।

তিমিঙ্গিলগিল —যে তিমিঙ্গিলকে গেলে-অতিবৃহৎমাছ
দেবখাতবিল —পর্ব্বতের গুহা।

আকাশসলিল —শিশির, বৃষ্টির জল।

উল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উল্ —(ইং) পশম, মেষের রোম।

কুল্ —(ধা) একত্র, গণনা-কুলীন, আকুল, ব্যাকুল, কুলজ

স্কুল্ —(ইং) বিদ্যালয়, পাঠশালা, টোল।

চুল্ —(ধা) উন্নত হওয়া-নিচোল, নিচুল, চুলুক, চোল।

ষ্টুল্ —(ইং)কাষ্ঠাসন বিং, টুল, পিঁড়ী, মোড়া, কোষ্ঠ, ভেদ

তুল্ —(ধা)ওজন-তুলা, তুলনা, তুলন, প্রতুল।

তূল্ —(ধা) ওজন কৃ-তূলন, তূল, তূলিত, তূলিকা।

দুল্ —(ধা) উৎক্ষেপণ-দোলন, দোল, দোলায় যান।

পুল্ —(ধা) উচ্চ, মহত্ত্ব-পুলায়িত, পলক, পুলকিত।

ফুল্ —(ইং) সম্পূর্ণ, ক্ষিপ্ত, পাগল।

বুল্ —(ইং) ষাঁড়, বৃষ।

মূল্ —(ধা) স্থিতি, জন্ম, রোপণ-উন্মূলন, মূল্য।

লুল্ —(ধা) পীড়ন কৃ-লুলিত, লোল, লোলন, লুলাপ।

শূল্ —(ধা) রোগগ্রস্থ হ-শূলিত, শূলী, শূল।

চুল্ল্ —(ধা) বিলাস কৃ-চুল্লন, চুল্লিত, চুল্লী।

ফুল্ল্ —(ধা) বিকাশ-ফুল্লি, প্রফুল্ল, সংফুল্ল, ফুল্ল।

কুল —গোষ্ঠী, বংশ, জাতি, বংশীয়, ভবন, গৃহ, জনপদ, দেহ, ক্ষেত্র বিং, কুলিক। (দেং) ফল বিং, বদরী।

কূল —তট, তীর, তড়াগ, পুকুর, স্তূপ, রাশি, সৈন্য পৃষ্ঠ। (ধা) আচ্ছাদন-অনুকূল, প্রতিকূল, কোলাকোলী

গুল —ইক্ষু বিকার, গুড়, অঙ্গারবটিকা, পোড়া তামাক।

চুল —[চূল] (দেং) কেশ, শিরোরুহ।

জুল —(দেং) হাবভাবপ্রকাশ, কটাক্ষ, গোপনে দর্শন।

ঝুল —(দেং) দোলন, ঝুলন, হস্তীর পৃষ্ঠাসন বিং।

ঢুল —(দেং) দোলন, নিদ্রাকৃষ্ট হওন।

তুল —(দেং) পরিমাণদণ্ড, দাঁড়ীপাল্লা, তুলনাকৃ, কোলাহল

তূল —কার্পাস, শিমূল তুলা, আকাশ, তুঁত গাছ।

স্থূল —পুষ্ট, অসূক্ষ্ম, পীবর, জড় বুদ্ধি, প্রকাণ্ড, সমূহ, রাশি, বোকা। (ধা) বৃদ্ধি-স্থূল।

দুল —(দেং) দোলন, কর্ণাভরণ বিং।

পুল —পুলক, রোমাঞ্চ, বিপুল, বৃহৎ। সেতু, সাঁকো।

ফুল —(দেং) পুষ্প, কুসুম, মুকুল, কুষ্ঠ।

স্ফুল —পটবাস, তাঁবু।

ভুল — (দেং) বিস্ময়, ভ্রান্তি, ভ্রম।

মূল —গাছের গোড়া, শিকড়, মূলা, আলু, গাজোর প্রভৃতি, নিদান, উৎপত্তি কারণ, আন্ত, পুঁজি, প্রথম গ্রন্থ, প্রধান নিবাস বাটী, ঊনবিংশতি মিত্র, সমীপ, হেতু, আসল, পুষ্কর-পিপ্পলী মূল, ওল, নিকুঞ্জ, নক্ষত্র বিং, অন্তিক, মূল ধন।

রুল —[ইং] নিয়ম, শাসন, আজ্ঞা, রেখা টানা দণ্ড।

শূল —শলাকৃতি অস্ত্র, ত্রিশূল, রোগ-যোগ বিং, মৃত্যু, বর্ষা, সুতীক্ষ্ণ, বিক্রেতব্য, অয়ঃকীল, ধ্বজা, কেতন

চুল —(দেং) সূক্ষ্মাগ্র ভাগ।

খুল্ল —অনুজ, ক্ষুদ্র, অধম, লঘু, নখী নামক গন্ধদ্রব্য।

ক্ষুল্ল —অল্প, লঘু, ক্ষুদ্র, কনিষ্ঠ।

শুল্ল —রজ্জু, দড়ি, তাম্র, তাঁবা।

উল্ব —জরায়ু, গর্ভাশয়।

শুল্ব —তাম্র, রজ্জু, আচার, যজ্ঞ কর্ম্ম।

কুল্য —মাংস, অস্থি, পরিমাণ বিং, শূর্প, কুলা, মান্য ব্যক্তি, সৎকুলোৎপন্ন, কুলহিত, ৮ দ্রোণ পরিমাণ।

গুল্য —মধুর, স্বাদু, মিঠা, মধুর।

তুল্য —সদৃশ, সমান, একার্থ।

মূল্য —যাহা দ্বারা দ্রব্যাদি ক্রীত হয়, দ্রব্যের পণ, দাম, বেতন, ভাড়া, রোপণ যোগ্য, প্রতিষ্ঠা যোগ্য।

শূল্য —লৌহ শলাকা দ্বারা দগ্ধ মাংস, শীক কাবাব।

শুক্ল —শুভ্র, সাদা, পরিস্কৃত, নির্ম্মল, শুক্ল পক্ষ, রজত, নবনীত, চক্ষুর রোগ বিং, সরস্বতী, স্নুহী বৃক্ষ, কাকোলী ঔষধ, মনসা সিজের গাছ।

উল—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আউল্ —(ইং) পেঁচা, পেচক।

গ্রাউল্ —(ইং) নেকড়ে বাগ-ভল্লুকের ডাক, গর্জ্জন ক্রি।

বাউল্ —(ইং) বাটি, দ্রব্যাধার।

মিউল্ —(ইং) খচ্চর, খচর।

চাউল —(দেং) তণ্ডুল, পরিস্কৃত ধান্য।

দেউল —(দেং) মন্দির, মঠ, চড়ক পূজা কর্ত্তা।

নেউল —(দেং) বেজী, নকুল।

বাউল —(দেং) ক্ষিপ্ত, পাগলা, গৌরাঙ্গ ভক্ত বৈষ্ণব সম্প্রদায় বিং, সঙ্গীত কারক।

অকুল —[দুষ্কুল] মন্দ বংশ, ইতর বংশ, কুল শূন্য।

অকূল —যাহার কূল-তীর নাই-অপার।

আকুল —ব্যাকুল, উদ্বিগ্ন, কাতর, ভয় চিত, ব্যাপ্ত, অস্পষ্ট, পরিপূর্ণ, সঙ্ক্ষোভিত,আবিষ্ট।

গুকুল —ময়দা পিষ্টক, পিটে।

কুকূল —শঙ্কু দ্বারা কীর্ণ গর্ত্ত, বর্ম্ম, তুষানল, তনুত্র।

গোকুল—গো সমূহ, গোষ্ঠ, গোস্থান, গ্রাম বিং।

ত্রিকুল —[দুকুল] পিতৃ মাতৃ ও শ্বশুর বংশ।

দুকূল —ক্ষৌম বস্ত্র, রেসমী কাপড়, উত্তরীয় বস্ত্র, শুভ্র বস্ত্র, নদীর উভয় কূল।

দৌকূল—দুকূল দ্বারা আবৃত, পট্টবস্ত্রাচ্ছাদিত (রথাদি)

নকুল —অকুল, বেঁজী, সহদেবের সহোদর, শিব, পুত্র

নাকুল —নকুল সম্বন্ধীয়।

প্রকুল —প্রশস্ত বপুঃ, সুশ্রী দেহ, প্রকাণ্ড শরীর।

বকুল —[বকুল, বউল] পুষ্পবৃক্ষ বিং, বকুলগাছ, তৎপুষ্প

ব্যাকুল—ব্যস্ত, উৎকণ্ঠিত, কাতর, ব্যাপৃত, ভয় বিধুর

মকুল —মুকুল, কলিকা, বকুল।

মুকুল —কলিকা, কুঁড়ি, শরীর, দেহ, আত্মা।

শকুল —মৎস্য, মীন, ঝষ, মৎস্য বিং, শাল মাছ।
সকুল —সলু মৎস্য, সগোত্র।
শৃকুল —মৎস্য বিং, মৎস্য, গন্ধ তৃণ বিং।
শ্যাকুল—কণ্টক ময় লতা বিং।
মক্কুল —খনিজ পদার্থ বিং, শিলাজতু।
সঙ্কুল —তুমুল, বহুলোক সমাকীর্ণ, পরস্পর বাক্‌যুদ্ধ, রণ
শষ্কুল —[শস্কুল] মৎস্য-বৃক্ষ-পিষ্টক বিং, করমচা।
শাষ্কুল —[শাস্কুল] মাংস ভোজী, মাংসাহারী।
গুগ্‌গুল —এক প্রকার সুগন্ধি দ্রব্য।
অঙ্গুল —[আঙ্গুল]করশাখা,বাৎস্যায়নমুনি,পরিমাণবিং
কঙ্গুল —হস্ত, হাত।
জঙ্গুল —[জাঙ্গুল] বিষ, গরল, হলাহল।
দ্ব্যঙ্গুল —দুই অঙ্গুলি পরিমিত।
পঙ্গুল —শ্বেত বর্ণ ঘোটক, শ্বেতাশ্ব।
ব্যঙ্গুল —কলার ষষ্ঠি বিভাগের এক ভাগ।
লঙ্গুল —[লাঙ্গুল, লাঙ্গূল] লেজ, পুচ্ছ, বালধি।
হিঙ্গুল —রঞ্জন দ্রব্য বিং, হিঙ্গুল।
হিঙ্গূল —মধুমূল, মৌআলু।
নিচুল —স্থূল বেতস, উত্তরীয় বস্ত্র, কবি বিং, পাছুড়ী।
পিচুল —বৃক্ষ বিং, ঝাবুক, ইজ্জল, জলবায়স, কার্পাস।
রছুল —(যাং) প্যাগাম্বর, মহম্মদ।
শ্মশ্রুল —শ্মশ্রু বিশিষ্ট, যাহার গোঁপ দাড়ি আছে।

পিঞ্জুল —বর্ত্তিকা, বাতি, শলিতা।

বঞ্জুল —অশোক বৃক্ষ, বেতগাছ, পক্ষি বিং, বক্র, বাঁকা।

মঞ্জুল —মনোহর, সুন্দর, সমীচীন, মধুর, নিকুঞ্জ, শৈবাল, জলরঙ্ক পক্ষী, লতাগৃহ।

চটুল —চঞ্চল, কম্পবান, দ্রুতগামী, সুন্দর।

জটুল —শরীরস্থ চিহ্ন বিং, জড়ুর, জতুক, জড়ুর।

বাঁটুল —[দেং] গুলি, ধনুকের গুলি।

বিড়ুল —বেতস লতা, বেত গাছ।

কণ্ডুল —কণ্ডুযুক্ত, যাহার চুলকনা হইয়াছে।

ডুণ্ডুল —ক্ষুদ্র পেচক, ছোট পেঁচা।

তণ্ডুল —চাউল, তুঁষ রহিত ধান্য।

ভণ্ডুল —বাধা, বিঘ্ন, প্রবঞ্চনা।

অতুল —অনুপম, যাহার তুলনা নাই, তিল বৃক্ষ।

চতুল —রাশীকৃত, স্থাপিত, নির্দ্দিষ্ট।

তেঁতুল —বৃক্ষাম্ল, তিন্তিড়ী।

প্রতুল —[দেং] বৃদ্ধি, বাহুল্য, মঙ্গল।

বাতুল —[বাতুল] বাতরোগী, বায়ুগ্রস্থ, উন্মত্ত, বাত্যা।

মাতুল —পিতৃ শ্যালক, মামা, ময়না গাছ, সর্প বিং।

তন্তুল —মৃণাল, পদ্মের ডাঁটা।

বর্ত্তুল —গোলাকার, বৃত্ত, স্থুল, কলাই বিং, বাঁটুলা কলাই

মাস্তুল —জাহাজের উপরিস্থ উচ্চ স্তম্ভ।

পৃথুল —বৃহৎ, বিস্তৃত, স্থুল, মহৎ।

বিদুল —বেতগাছ, বেতস, বানীর, বঞ্জুল, জলবেতস।
মৃদুল —অকঠিন, কোমল, নরম, জল।
শার্দ্দূল—ব্যাঘ্র, তরক্ষু, রাক্ষস, পক্ষী বিং, চিত্রক বৃক্ষ।
মধুল —দ্রাক্ষা ফলোদ্ভব মদ্য, সুরা, মদ।
অন্ধুল —শিরীষ বৃক্ষ।
বন্ধুল —জারজ সন্তান, বন্ধুল বৃক্ষ, সুন্দর, নম্র, বিনীত।
তনুল —বিস্তৃত, প্রসারিত।
ত্রপুল —সীসক, সীসা, টিন্, রাঙ্, দস্তা।
পিপুল —[পিঁপুল] [দেং] ফল বিং, পিপ্পলী, উষণা।
বিপুল —বৃহৎ, বড়, গভীর প্রশান্ত, সুমেরু, হিমালয়, সম্ভ্রান্ত ব্যক্তি, পশ্চিম পর্ব্বত।
পুপ্ফুল—(পুপ্ফুল্) উদরস্থ বায়ু, কোষ্ঠাশ্রিত বায়ু।
কবূল —[কংবূল] (যাং) স্বীকার।
জম্বুল —[জম্বূল] জাম গাছ, কেতকী বৃক্ষ, নারীগণ বাসর ঘরে বরের প্রতি যে পরিহাস করে।
তাম্বূল —পান, নাগবল্লী, পর্ণ।
নির্ভূল —ভ্রম শূন্য, প্রমাদ শূন্য, অভ্রান্ত, শুদ্ধ।
অমূল —মূল রহিত, ভিত্তিশূন্য, অপ্রামাণিক, মিথ্যা।
আমূল —মূল পর্যন্ত, প্রথমাবধি, গোড়া।
খমূল —জলের পানা, কুম্ভিকা।
জমুল —[জুমুল] (যাং) সমষ্টি, একুন।
তুমুল —(তুমূল) কলহ, গণ্ডগোল, রণ সঙ্কুল, হুড়াহুড়ি,

অতিশয়, ঘোরতর, ভয়ানক, উৎকট, বিশৃঙ্খল, আকুল, কলি বৃক্ষ, পরস্পর ভীতি।

মামুল —(যাং) চিরনিয়ম, ভোগ্য।

সমূল —মূল সহিত, সহেতুক, কারণ সহিত, সত্য, যথার্থ

শিমুল —(দেং) শাল্মলী বৃক্ষ।

দোর্মূল --বাহুমূল, কক্ষ।

নির্ম্মূল —মূল রহিত, উৎসন্ন, ধ্বংস, নাশ।

পারুল —(দেং) বৃক্ষ বিশেষ।

বুরুল —যবত্রয় পরিমাণ, তিন যব পরিমাণ।

মরুল —(দেং) কারণ্ডব, হংস বিং।

কুড়ুল —পরশু, কুঠার, কুড়ালি।

গড়ুল —কুব্জ, কুঁজো।

জড়ুল --শরীরস্থ চিহ্ন বিং, তিলক।

বাড়ুল —(দেং) সম্মার্জ্জনী, খেঙ্গড়া, ঝাঁটা, বৃদ্ধি পাওন

বিড়ুল —বেতস বৃক্ষ, বেত গাছ।

বলূল —বলবান্, বল বিশিষ্ট।

অংশুল —চাণক্য পণ্ডিত, প্রভাযুক্ত, উজ্জ্বল, সুন্দর।

কুশূল —[কুসূল] ধান্যাদি রাখিবার ঘর-গোলা, তুষাগ্নি

ত্রিশূল —তিন ফলক যুক্ত অস্ত্র বিং, শিবের অস্ত্র।

পাংশুল—পাংশুল যুক্ত, ব্যভিচারী, অধম, পাপিষ্ঠ, শিব।

বসুল —দেবতা, অমর, সুর।

মাসুল —(যাং) রাজস্ব, কর, শুল্ক।

দিক্‌শূল—দিগ্বিদেশ গমনে নিষিদ্ধ বার।
হর্ষুল —মৃগ, নায়ক।
বহুল —অনেক, অধিক, কৃষ্ণ বর্ণ বিশিষ্ট, অনল, কৃষ্ণ পক্ষ, কৃষ্ণ বর্ণ, অশোক, সিতমরীচ, নভঃ।
বাহুল --কার্ত্তিকমাস,অগ্নি,অগ্ন্যাধিষ্ঠাত্রী দেবতা,বহুলত্ব
প্রফুল্ল —[উৎফুল্ল, প্রোৎফুল্ল.সম্ফুল্ল], সহাস্য, বিকসিত
সকুল্য —সগোত্র, এক বংশ।
অমূল্য —যাহার মূল্য নাই, যাহা দুষ্প্রাপ্য।
দুর্ম্মূল্য—মাহার্ঘ্য, অক্রেয়, আক্রা।
বাহুল্য --আধিক্য, প্রাচুর্য্য, আতিশয্য।

উল—অন্ত। (৪) চতুরক্ষর।

শোকাকুল--শোকে কাতর,ইষ্টবিয়োগাদিদুঃখে অস্থির
শঙ্কাকুল —ত্রাস্ত. ভীত. শঙ্কাযুক্ত।
পর্য্যাকুল—ব্যাকুল.কাতর,উদ্ধতগতি,ব্যতিব্যস্ত,উৎসুক
প্রতিকুল —প্রতীপ, বিরুদ্ধ, বাম, বিপক্ষ, অননুকুল।
অনাকুল —অব্যগ্র,একাগ্র,অব্যাকুল,স্থির,অসঙ্কীর্ণ।
অনুকুল —হিতকারী, অনুরক্ত, স্বপক্ষ, নায়ক বিং।
উপকূল —বেলা ভুমি, সমুদ্র সন্নিহিত ভুপ্রান্ত ভাগ।
দেবকুল —দেবালয়, মঠ, পূজাস্থান।
সমাকুল —ব্যাকুল, কাতর, হত বুদ্ধি।
অরিকুল —[শত্রুকুল] শত্রুর বংশ।
বেলকুল —[বিলকুল] (যাং) সমুদায়।

কলাকুল —কালকুট, বিষ।
কুলাকুল —দীক্ষা প্রকরণীয় চক্র বিং।
বেলাকূল—তাম্রলিপ্ত দেশ, তম্‌লুক।
মহাকুল —কুলীন, উত্তম কুল জাত, অভিজাত,মহৎ বংশ
অসঙ্কুল —পরস্পর অবিরুদ্ধ, অমিশ্র, বিস্তীর্ণ।
বিসঙ্কুল —জটিল, গোলমেলে।
অয়োগুল —লৌহ গুলিকা, লোহার গুলি।
পঞ্চাঙ্গুল —পাঁচ অঙ্গুলি পরিমিত, ভেরেণ্ডা গাছ।
গোলাঙ্গুল —কৃষ্ণবর্ণ মুখ বানর বিং,ন্যায় বিং,গরুর লেজ
দশাঙ্গুল —খর্ব্বুজ, দশ অঙ্গুল পরিমাণ।
অবচূল —ধ্বজার অধোবদ্ধ বস্ত্র।
বাততুল —আকাশে উড্ডীয়মানসূত্র,আকাশবুড়ীরসূতা
অপ্রতুল —প্রকৃষ্ট পরিমাণাভাব, অভাব, অসঙ্গতি।
কড়িতুল —খড়্গ, অসি।
ভস্মতুল —হিম,তুষার,গ্রামসমূহ,পাংশুবর্ষণ,ধূলিবর্ষণ।
হুলুস্থুল —(দেং) গোলযোগ, গোলমাল।
কর্ণফুল —(দেং) কর্ণালঙ্কার বিং।
শিখামূল —মূলী, গাজর এবং তৎসদৃশ অন্যান্য মূল।
শঙ্খমূল —মূলক, মূলা।
শৃঙ্গমূল —শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
বর্গমূল —যে অঙ্ক আপনা দ্বারা গুণিত হয়।
পঞ্চমূল —পাঁচন বিং।

পাদমূল —পায়ের গোড়ালী, চরণাধোভাগ।
স্বাদুমূল —মূল বিং, গর্জ্জর, গাজর।
মধুমূল —আলু বিং, মৌআলু।
ঘনমূল —যে রাশি আপনা দ্বারা দুইবার গুণিত হয়।
ধনমূল —ধন জাত, মূল ধন, ধনোৎপন্ন।
কর্ম্মমূল —দর্ভ, কুশ তৃণ।
গুল্মমূল —আর্দ্রক, আদা, ধন্বন্তরী ঔষধ।
দুরমূল —মুঞ্জ তৃণ।
রূঢ়মূল —যাহার মূল বদ্ধ হইয়াছে-বদ্ধমূল।
বেলামূল —সমুদ্র তট।
দশমূল —দশাঙ্গ পাঁচন বিশেষ, তৈল বিং।
দংশমূল —সাজিনা গাছ, শিগ্রু।
বহুমূল —তৃণ বিং, বহুমূল যুক্ত বৃক্ষ-লতাদি।
বাহুমূল —কক্ষ, বগল, দোর্মূল।
আমরুল —শাক বিং, অম্ল নালিকা শাক।
জামরুল —(দেং) ফল বিং, ঐ ফলের গাছ।
ভীমরুল —(দেং) বোল্‌তা বিং।
চাকশূল —(দেং) ঔষধ বিং।
নখশূল —অঙ্গুলির রোগ বিং, নখ কুনি।
দন্তশূল —দন্তপীড়া বিং, দন্তবেদনা।
আমশূল —রোগ বিং, আম জন্য উদরের বেদনা।
পার্শ্বশূল —রোগ বিং, শূল রোগ।

আনুকুল্য—অনুকুলতা, সাহায্য, পোষকতা, অনুগ্রহ।
সর্ব্বমূল্য —কপর্দ্দক, কড়ি, বরাটক।
বহুমূল্য —মাহার্ঘ্য, যাহার অনেক দাম।
ক্ষীরশুক্ল—পানী ফল, জলকণ্টক, শুষ্ক ভূমি কুষ্মাণ্ড।
মহাশুক্ল —অতিশয় শ্বেত বর্ণ।

উল- অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ইউজফুল্ —[ইং] প্রয়োজনীয়, কর্ম্মযোগ্য।
বিউটিফুল্ —[ইং] সুন্দর, মনোহর।
আন-ল-ফুল্—[ইং] বে-আইন, অশাস্ত্র।
গন্ধনকুল —[বেশ্মনকুল] ছুছুন্দরী, ছুঁচা।
জলনকুল —উদ্বিড়াল, জল মার্জ্জার।
অননুকুল —প্রতিকুল।
আকুলাকুল—অতি ব্যাকুল, অত্যন্ত আকুল।
জনসঙ্কুল —জনতা, জন সমূহ, ভিড়।
রণসঙ্কুল —ঘোরতর যুদ্ধ, তুমুল সংগ্রাম,হুড়াহুড়ি।
চতুরঙ্গুল —আরগ্বধ বৃক্ষ, চারি অঙ্গুলি পরিমিত।
বক্রলাঙ্গুল —কুক্কুর, শ্বা, বক্র পুচ্ছ।
দ্বাদশাঙ্গুল —১২ অঙ্গুলি পরিমিত,বিতস্তি পরিমাণ।
চিত্রশার্দ্দূল —চিতাবাঘ।
জীমূতমূল —শটী।
ভুজঙ্গমূল —নক্ষত্র বিং।
অনন্তমূল —বৃক্ষ বিং।

দণ্ডপাংশুল—দ্বারবান্, দ্বারী, দ্বারপাল।

বনপাংশুল—ব্যাধ, কিরাত, নিষাদ।

উল—অন্ত। (৬) ষড়ক্ষর।

পানীয়নকুল—জলমার্জ্জার, উদ্বিড়াল, উদ্র।

আতপতণ্ডুল—আলো চাউল।

মহাপঞ্চমূল—পাঁচন বিং।

পরিণামশূল—রোগ বিং, অজীর্ণ রোগ।

আনৃছাকৃছেছফুল-(ইং) অকৃত কার্য্য, নিষ্ফল।

এল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

স্কেল্—(ইং) আঁইস, শল্ক, নিক্তি বা তরাযুর থাল।

খেল্—(ধা) গমন, ক্রীড়া-খেলা, খেলন, খেলক।

ছেল্—(ইং) বিক্রয় করা, বেচা।

জ্যেল্—(ইং) বন্দী গৃহ, কারাগার।

টেল্—(ইং) লেজ, পুচ্ছ, গল্প।

নেল্—(ইং) নখ, পেরেক।

স্নেল্—(ইং) শামূক।

ফেল্—(ধা) গমন-ফেলন, ফেলিত। (ইং) বঞ্চিত।

বেল্—(ধা) চলন, কপালদেশ-বেলন (ইং)ঘণ্টা, গাঁটরি

মেল্—(ইং) পুরুষ, পুংলিঙ্গ।

রেল্—(ইং) গরাদে, কাঠগড়া।

হেল্—(ইং) নরক, শিলা বৃষ্টি।

বেল্ল্—(ধা) চলন, চঞ্চল-বেল্লন, বেল্লিত, বেল্লি।

খেল —মনোহর, সুন্দর।

চেল --বস্ত্র, পরিচ্ছদ, চেলা, অধম, নিকৃষ্ট, হীন (ধা) চঞ্চল

তেল —(দেং) সর্ষপাদির রস, তৈল।

পেল —লিঙ্গ, মুষ্ক, অণ্ডকোষ, ক্ষুদ্রাংশ, গমন, বাহন।

বেল —আরাম, বৃক্ষবটীকা, উপবন, উদ্যান, শ্রীফল, ফুল বিং

ব্যেল --[ইং] জামিন, প্রতিভূ।

ভেল —উড়ুপ, ভেলা, প্লব, মুনি বিং, ভীরু, নির্ব্বোধ, চঞ্চল, চপল, মূর্খ। (দেং) নকল, কৃত্রিম।

মেল —সমন্বয়, ঐক্য, আলাপ, সম্প্রীতি, সাদৃশ্য।

শেল —[দেং] শূল, শল্য নামে অস্ত্র বিং।

বেল্ল —বিড়ঙ্গ, গমন, কম্পন, চলন।

এল--অন্ত। (৩) ত্র্যক্ষর।

ওয়েল্ --[ইং] ভালরূপ, ইন্দারা, কুপ।

জুয়েল্ —[ইং] মণি।

ট্রায়েল্—[ইং] বিচার, পরীক্ষা।

ডোয়েল্--[ইং] বাসকরা, স্থিতি কৃ।

রিয়েল্ —[ইং] যথার্থ, প্রকৃত।

হোয়েল্—[ইং] তিমি মাছ।

সার্কেল্ —[ইং] বিভাগ, বেষ্টিত।

টিন্‌ছেল্ —[ইং] রাংতা, জগজগ্যা।

মর্ছেল্ —[ইং] টুকরা, ক্ষুদ্র খণ্ড, এক গ্রাস।

হোটেল্—[ইং] হোটেল, হোষ্টেল, সরাই।

ক্যাণ্ডেল্—[ইং] বাতি, বর্ত্তী।
হ্যাণ্ডেল্—[ইং] বাঁট, হাতল।
অ্যাপেল্—[ইং] আপেল ফল, আতা ফল।
নভেল্ —[ইং] উপন্যাস, উপকথা।
ন্যাভেল্—[ইং] নাভি, নাই।
সোভেল্—[ইং] সাবল, হাতা।
ক্যামেল্—[ইং] উষ্ট্র, উট।
ফিমেল্ —[ইং] স্ত্রীলোক, মাদী।
আক্কেল —(যাং) জ্ঞান, বোধ।
কঙ্কেল —অশোক বৃক্ষ।
কুচেল —যার পরিধেয় অতি জঘন্য, কদর্য্যবসনধারী।
তিজেল —(দেং) ক্ষুদ্র মৃণ্ময় হণ্ডিকা, ক্ষুদ্র স্থালী বিং।
অঠেল —(দেং) প্রচুর, যথেষ্ট, অপর্য্যাপ্ত।
আণ্ডেল —[আণ্ডিল, গড্ডিল](দেং) অতিশয় ধনী, নিশ্চিন্ত
অবেল —অপলাপ, অপহ্নব, যে বেতনভোগী নহে।
কুবেল —কুবলয়।
প্রবেল —সোণা মুগ, পীত মুদ্গ।
সুবেল —শান্ত, দান্ত, প্রণত, নত, ত্রিকুট পর্ব্বত।
উদ্বেল —উচ্ছলিত, উতলে পড়া-উঠা, সীমাতিক্রান্ত।
ক্রমেল —উষ্ট্র, উট।

এল—অন্ত। (৪) চতুরক্ষর।

টাওএল্ —(ইং) তোয়ালে, গামছা।

বাইবেল্ —(ইং) ধর্ম্মপুস্তক, বাইবল।

লাইবেল্ --(ইং) ক্ষতির বাবদ নালিস, কুৎসা।

নারিকেল—[নারীকেল, নাড়িকেল, নাড়ীকেল] ফল বিং

সিন্ধুখেল --সিন্ধুদেশ।

ফণিখেল —ভারুই পক্ষী, ভারত পক্ষী।

অবখেল —কুৎসিত খেলা।

লীলাখেল—বিলাস সুভগ, ক্রীড়াশীল।

অনুবেল —সতত, অনুক্ষণ, নিরন্তর, উপকুলে, তটে।

অবহেল —অবজ্ঞা, অনাদর, অবমাননা।

কারবেল্ল—করলা গাছ, লতা বিং।

ঐল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঐল —চন্দ্র বংশীয় পুরূরবা রাজা।

খৈল —(দেং) কাইট, গাদ, খলি।

চৈল —বস্ত্র, বস্ত্র সম্বন্ধীয়, যে কীটাদি বস্ত্র কাটে।

তৈল --তিলাদি নিঃসৃত স্নেহ পদার্থ, তেল, প্রত্যয় বিং

পৈল —ঋগ্বেদজ্ঞ মুনি বিং, ঋগ্বেদী। (দেং) আদ্য, প্রথম।

শৈল --পর্ব্বত, শৈলেয় গন্ধ দ্রব্য বিং, শিলাজতু।

বৈল্ব --বিল্ব সম্বন্ধীয়, বেল, শ্রীফল।

শৈল্য --শিলা সম্বন্ধীয়, পর্ব্বত জাত।

অতৈল—তিল তৈল, সর্ষপাদির রস। (দেং) তৈলহীন।

ঐল—অন্ত। (৪) চতুরক্ষর।

শ্যাবতৈল —আম্র বৃক্ষ, আঁব গাছ।

ক্ষারতৈল —পক্ক তৈল বিং।

তিলতৈল —তিলের তৈল, তিল স্নেহ।

তার্ক্ষ্যশৈল—দগ্ধ পিত্তল চূর্ণ যুক্ত চক্ষুরোগের ঔষধ।

গণ্ডশৈল —ক্ষুদ্র পর্ব্বত, ললাট, প্রস্তর বিং।

মন্থশৈল —মন্দর পর্ব্বত।

পাদশৈল —প্রত্যন্ত পর্ব্বত, ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়।

পূর্ব্বশৈল —উদয় পর্ব্বত, উদয়াচল।

হিমশৈল — হিমালয় পর্ব্বত।

ক্রিমিশৈল --[কৃমিশৈল] বল্মীক, উয়ের ঢিপি।

বদরীশৈল —বদরিকাশ্রম, হিমালয় পর্ব্বতৈক দেশ।

ঐল—অন্ত। (৬) ষড়ক্ষর।

অঙ্গারকতৈল--স্বনাম খ্যাত পক্ক তৈল।

নারায়ণতৈল —ঔষধ, পক্ক তৈল বিং।

ওল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কোল্ —[ইং] পাথুরিয়া কয়লা।

ছোল্ —[ইং] পায়ের তলা, আত্মা, প্রাণ।

গোল্ —[ইং] ছুঁচা, তিলক, তিল।

ওল —আর্দ্র, শূরণ, মূল বিং, ভিজা।

কোল —শূকর, ভেলা, মাড়, কলিঙ্গ দেশ, জাতি বিং, শনি, কুল গাছ, কুল ফল, অঙ্ক, ক্রোড়, আলিঙ্গন।

খোল —খঞ্জ, খোঁড়া, মৃদঙ্গ, ফাঁপা, আবরণ।

গোল —বর্ত্তুলাকার বস্তু, ভূগোল, জারজ সন্তান, মটর,